

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.২২. ৩৫৫


তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯  
২৪ জুলাই ২০২২

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব তাহমিনা সুলতানা (২৫১৯০), প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি হাজী মোহাম্মদ মুহসিন কলেজ, খুলনা উক্ত কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্বপালনকালে গত ৩০/০৫/২০২২ তারিখে যথাযথ মাধ্যম ব্যতীত সরাসরি মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বরাবর একটি পত্র প্রেরণ করেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
২৪/০৭/২২  
(মোঃ আবু ঘকর ছিদ্দীক)  
সচিব

সংযুক্ত: অভিযোগবিবরণী।

বর্তমান ঠিকানা:

জনাব তাহমিনা সুলতানা (২৫১৯০)  
প্রভাষক (ব্যবস্থাপনা)  
সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খুলনা।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব তাহমিনা সুলতানা (২৫১৯০), প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খুলনা উক্ত কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্বপালনকালে গত ৩০/০৫/২০২২ তারিখে যথাযথ মাধ্যম ব্যতীত আর্থিক ক্ষমতা প্রদানের জন্য সরাসরি মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বরাবর একটি পত্র প্রেরণ করেন;

প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
২৭/০৭/২০২০  
(মোঃ আবু বকর হিদ্দিক)  
সচিব